

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



কোভিড-১৯ অগ্রাধিকার

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৩.১৯- ৭২৪

তারিখঃ ০৩ জুন ২০২০ খ্রিস্টাব্দ
২০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা কার্যালয়ে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে সম্মতি প্রদান

- সূত্রঃ (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.১৫৬.০১৫.৪৫.০২.২১.২০১১-৩৪৭, তারিখঃ ১২/০৯/২০১৯ খ্রিঃ
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭ (অংশ-১)-১৪৫১, তারিখঃ ০১/১০/২০২০ খ্রিঃ
(৩) কুর্মিটোলা জেনারেল হাসপাতালের স্মারক নং- কুঃজেঃহাঃ/প্রশাসন/২০২০/১১৫৬, তারিখঃ ১৫/০৪/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন স্বাস্থ্য অধিদপ্তর অধীন কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা কার্যালয়ে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১নং সূত্রোক্ত স্মারকের সম্মতিক্রমে ১৬২ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের আদেশ জারি করা হয় (২নং সূত্রোক্ত স্মারক)। তদপ্রেক্ষিতে, উক্ত হাসপাতাল কর্তৃক ০২ (দুই) বার দরপত্র আহবান করেও তিকাদ র নির্বাচন করা সম্ভব হয়নি মর্মে ৩নং সূত্রোক্ত স্মারকে জানানো হয়েছে। উল্লেখ্য, বর্তমানে হাসপাতালটি কোভিড-১৯ রোগীদের জন্য ডেউকেটেড হাসপাতাল হিসাবে নির্ধারণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, বর্তমানে পরিস্থিতি বিবেচনায় কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকায় চিকিৎসা সেবা অব্যাহত রাখার স্বার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩(৮) অনুচ্ছেদ অনুযায়ী বর্ণিত ১৬২ জন সেবা কর্মীর দরপত্র কার্যক্রম ব্যতীত হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি সেবা ক্রয়ের লক্ষ্যে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)]

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ২। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। মুদ্রা-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।